# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 SEPTEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) দেশের শিল্প জগতের, জি এস টি সংস্কার ব্যবস্থাকে স্বাগত জানিয়ে কর ব্যবস্থার সরলীকরণের ফলস্বরূপ ব্যবসা-বাণিজ্য আগের তুলনায় আরো সহজ হয়ে উঠবে বলে মত প্রকাশ/

(২) দেশের দ্বিতীয় রাষ্ট্রপতি সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্মদিনটি আগামীকাল সমগ্র দেশে জাতীয় শিক্ষক দিবস হিসেবে পালনের প্রস্তুতি/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর শিক্ষকদের শুভেচ্ছা জ্ঞাপন। বরাক উপত্যকার তিন জেলায় এই উপলক্ষে নানা কার্যসূচী গ্রহণ/

(৩) শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের এন আই আর এফ র‍্যাংকিংয়ে প্রথম একশোর মধ্যে স্থান লাভ/

এবং

(৪) মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ইন্ডিয়ান এফ সি এবং লোকনাথপুর ইয়ংস্টার এফ সি পরস্পরের মুখোমুখি/

---

দেশের শিল্প জগত জি এস টি সংস্কার ব্যবস্থাকে স্বাগত জানিয়ে কর ব্যবস্থার সরলীকরণের ফলস্বরূপ ব্যবসা বাণিজ্য আগের থেকে আরো সহজ হয়ে উঠবে বলে মত প্রকাশ করেছে। ভারতীয় শিল্প মহাসংঘ- সি আই আই এই সম্পর্কে বলেছে যে- পাঁচ শতাংশ এবং ১৮ শতাংশের দুই তরফের জি এস টি'র ব্যবস্থায় অর্থ ফিরিয়ে আনার প্রক্রিয়ার পাশাপাশি সূক্ষ্ম, ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলির কাজকর্ম সরল করে তুলবে । ব্যক্তিগত জীবন বীমা এবং স্বাস্থ্য বীমা ক্ষেত্রকে জি এস টি'র থেকে রেহাই দেওয়ার পদক্ষেপের প্রশংসা করে এরফলে সংশ্লিষ্ট সকল পক্ষ উপকৃত হবে বলে মহাসংঘ মত

প্রকাশ করেছে । অনুরূপভাবে ফেডারেশন অব ইন্ডিয়ান চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ- ফিকি- এই সংস্কার সাধনের ফলে সংগ্রহের পরিমাণ স্থিতিশীলভাবে বৃদ্ধি হওয়া পরোক্ষ কর ব্যবস্থার পরিপক্কতা প্রতিফলিত করে বলে মত প্রকাশ করেছে ।

এদিকে সামগ্রী ও সেবা কর-জি এস টি'র সংশোধনের জন্যে কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা সাম্প্রতিক ব্যবস্থা সকল পক্ষকে উপকৃত করবে বলে দেশের বিভিন্ন শ্রেণীর জনসাধারণ মত প্রকাশ করেছেন । কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা, এরফলে স্বাস্থ্যসেবার জন্য হওয়া ব্যয়ের পরিমাণ হ্রাস পাওয়া সহ জনসাধারণের জীবন ধারণের মান উন্নীত হবে বলে আশা প্রকাশ করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় শ্রী নাড্ডা বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর, পরবর্তী প্রজন্মের জি এস টি সংস্কার ব্যবস্থা দেশের দুঃস্থ ও মধ্যবিত্ত শ্রেণীর স্বার্থরক্ষার প্রতি সরকারের দায়বদ্ধতাকে নিশ্চিত করে । তিনি বলেন যে- ক্যান্সার সহ অন্যান্য জটিল রোগের চিকিৎসায় ব্যবহার হওয়া ৩৬ রকমের জীবনদায়ী ওষুধের ক্ষেত্রে জি এস টি'র হার শূন্য শতাংশ হ্রাস করা হয়েছে । এছাড়া স্বাস্থ্য ও জীবন বীমাকে জি এস টি'র আওতার বাইরে রাখার বিষয়ে উল্লেখ করে তিনি এই কার্যকে দেশের জনসাধারণকে উপকৃত করা বিষয়ক এক বৃহৎ পদক্ষেপ বলে মত প্রকাশ করেছেন ।

------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আগামীকাল জাতীয় শিক্ষক দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে । দেশের দ্বিতীয় রাষ্ট্রপতি, শিক্ষক, দার্শনিক, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্মদিনটি প্রতিবছরের মতো এবারও সমগ্র দেশে শিক্ষক দিবস হিসেবে পালন করা হবে । প্রাক্তন রাষ্ট্রপতি প্রয়াত রাধাকৃষ্ণন দেশের শিক্ষাক্ষেত্রে রূপান্তরকারী সংস্কার সাধন করেছিলেন । তাঁর জন্মদিনের সঙ্গে সঙ্গতি রেখে শিক্ষক হিসেবে অনবদ্য অবদান রাখা দেশের মোট ৪৫ জন কৃতি শিক্ষককে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু আগামীকাল এক অনুষ্ঠানে সম্মানিত করবেন । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর শিক্ষকদের শুভেচ্ছা জ্ঞাপন করেন।

এদিকে, শিক্ষক দিবস উপলক্ষে আসাম সরকারের শিক্ষা বিভাগ রাজ্য পর্যায়ে ১৫ জন কৃতি শিক্ষকের নাম ঘোষণা করেছে । এরমধ্যে আটজন মাধ্যমিক শিক্ষা বিভাগের এবং সাতজন প্রাথমিক শিক্ষা বিভাগের শিক্ষক রয়েছেন । আগামীকাল তেজপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক দিবসের রাজ্য পর্যায়ের কার্যসূচীতে এই শিক্ষকদের পুরস্কৃত করা হবে ।

বরাক উপত্যকা থেকে একজন এই তালিকায় স্থান পেয়েছেন । তিনি হলেন- মাধ্যমিক শিক্ষাবিভাগে হাইলাকান্দির পি এম শ্রী জামিরা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুফিয়ান সিদ্দিকি বড়ভুইয়া ।

আগামীকাল তেজপুর বিশ্ববিদ্যালয়ে রাজ্যস্তরের শিক্ষক দিবসের অনুষ্ঠানে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু এই কৃতি শিক্ষকদের হাতে পুরস্কার তুলে দেবেন । দক্ষিণ হাইলাকান্দির জামিরার মতো প্রত্যন্ত অঞ্চল থেকে রাজ্য শিক্ষক পুরস্কারের জন্য সুফিয়ান সিদ্দিকি বড়ভুইয়ার নাম আসায় হাইলাকান্দি জেলার বিভিন্ন মহল থেকে তাঁকে শুভেচ্ছা জানানো হচ্ছে । এদিকে হাইলাকান্দি জেলার জেলা পর্যায়ের ৩৭ জন শিক্ষককে এবার পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে । আগামীকাল হাইলাকান্দির পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে জেলা পর্যায়ের মূল অনুষ্ঠানে এই কৃতি শিক্ষকদের সংবর্ধনা দেওয়া হবে।

কাছাড় জেলায় জেলা পর্যায়ের মূল অনুষ্ঠান হবে শিলচর গান্ধী ভবনে । আগামীকাল বেলা সাড়ে বারোটায় জেলা পর্যায়ে পুরস্কার প্রাপক শিক্ষকদের সংবর্ধনা দেওয়া হবে ।

শ্রীভূমি জেলায়ও আগামীকালের শিক্ষক দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । জেলা পর্যায়ে এই দিবসের অনুষ্ঠান আয়োজিত হবে শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে । রাজ্যের পশুপালন, মৎস্য ইত্যাদি বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল এতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী এই অনুষ্ঠানে পৌরহিত্য করবেন ।

এছাড়া বরাক উপত্যকার তিন জেলার ছোট বড় শিক্ষা প্রতিষ্ঠানে আগামীকাল যথাযোগ্য মর্যাদায় শিক্ষক দিবস পালনের জন্য প্রস্তুতি নেওয়া হয়েছে ।

------------------------------------------------------------------------------------

শিলচরের আসাম বিশ্ববিদালয় ন্যাশনেল ইনস্টিটিউশনাল র‍্যাংকিং ফ্রেমওয়ার্ক- এন আই আর এফ'এ প্রথম একশো'র মধ্যে স্থান করে নিয়েছে । জাতীয় পর্যায়ের বিশ্ববিদ্যালয় র‍্যাংকিংয়ে আসাম বিশ্ববিদ্যালয় এবার ৯৭ তম স্থান দখল করেছে । এছাড়া এই বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের র‍্যাংকিংও উন্নীত হয়েছে । আসাম

বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস বিভাগ এই বছর এন আই আর এফ র‍্যাংকিংয়ে ৭৬ তম স্থান দখল করেছে। ছ'বছর পর উপাচার্য ডঃরাজীব মোহন পন্থের নেতৃত্বে এই বিশ্ববিদ্যালয় পুনরায় এন আই আর এফ তালিকায় একশোর মধ্যে স্থান করে নিয়েছে । উল্লেখ্য- এই বিশ্ববিদ্যালয় এর আগে ২০১৬ সালে ৭৭, ২০১৭ সালে ৯২, ২০১৮ সালে ৮৭ এবং ২০১৯ সালে ৯৭ তম স্থান দখল করে নিজের যোগ্যতার স্বাক্ষর রেখেছিল । এই বিষয়ে কথা বলতে গিয়ে উপাচার্য ডঃ পন্থ বলেন-

#বাইট#

---------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগিতার ফাইনালে উঠেছে- ইন্ডিয়ান এফ সি এবং লোকনাথপুর ইয়ংস্টার এফ সি । আজকের সেমিফাইনেলের পর দ্বিতীয় দল হিসেবে ফাইনালে প্রবেশ করল লোকনাথপুর ইয়ংস্টার ক্লাব। স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার আজকের দ্বিতীয় সেমি-ফাইনাল খেলায় লোকনাথপুর ইয়ংস্টার ক্লাব ট্রাইব্রেকারে ৩-২ গোলে টি এইচ বি আর্জানপুর দলকে পরাজিত করে ।

গত দোসরা সেপ্টেম্বর অনুষ্ঠিত প্রথম সেমিফাইনালে ইন্ডিয়ান এফ সি দল ফাইনালে প্রবেশ করে ।

ক্লাব সভাপতি সীতাংশু দাস জানান যে আগামী ৭ই সেপ্টেম্বর , রবিবার , প্রতিযোগিতার ফাইনাল খেলায় ইন্ডিয়ান এফ সি এবং লোকনাথপুর ইয়ংস্টার এফ সি পরস্পরের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------

ডক্টর ভূপেন হাজারিকার জন্ম-শতবর্ষ উদযাপনের রাজ্য পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠান আগামী ১৩ই সেপ্টেম্বর গুয়াহাটী খানাপাড়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা থেকে এই অনুষ্ঠানে যোগ দিতে ইচ্ছুক ব্যাক্তিদের আগামী ৭ই সেপ্টেম্বরের মধ্যে পাবলিক ওয়েব পোর্টাল www.bhupenda-centennial.in এর মাধ্যমে রেজিষ্ট্রেশন করতে হবে বলে শ্রীভূমির অতিরিক্ত আয়ুক্ত জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং আজ শিলচর শহরের ব্যস্ততম এলাকাগুলি ঘুরে দেখেন এবং শহরের বিভিন্ন সমস্যার উৎস খুঁজে বের করে তাৎক্ষণিকভাবে সেসব

সমাধানের নির্দেশ দিয়েছেন । আয়ুক্ত শ্রীমতি সিং শহরের ব্যস্ততম এলাকাগুলি পরিদর্শন করে বলেন যে- ফুটপাত মানুষের চলাচলের জন্য । ফুটপাতকে কোনো অবস্থাতেই দোকান বা ভ্যানগাড়ির দখলে যেতে দেওয়া হবে না । যে দোকানী বা ব্যবসায়ী এই নিয়ম ভঙ্গ করবেন, তাদের বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেওয়া হবে । ইতিমধ্যে বেশ কিছু ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিরুদ্ধে চালান কাটা হয়েছে । আয়ুক্ত শ্রীমতি সিং আরো বলেন যে একটি পরিচ্ছন্ন ও সুশৃংখল শিলচর গড়ে তোলা শুধুমাত্র পৌর নিগমের দায়িত্ব নয় , এ ক্ষেত্রে দোকানদার , ব্যবসায়ী  থেকে শুরু করে সাধারণ নাগরিকদেরও দায়িত্ব রয়েছে ।

-----------------------------------------------------------------------------------